ভোরের কাগজ

তারিখ ... JUN 1 6 1999

পৃষ্ঠা ৪২ কলাম

### ছাত্রছাত্রীদের মেলামেশার ওপর প্রশাসনের সতর্কাদেশ

# কৃষি বিশ্ববিদ্যালয়ে ক্লাস বর্জন, দিনভর বিক্ষোভ

দীন মোহাম্মদ দীনু, কৃষি বিশ্ববিদ্যালয় থেকে : ময়মনসিংহে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্রবিষয়ক উপদেষ্টা এবং প্রক্টর স্বাক্ষরিত একটি লিফলেট বিতরণের প্রতিক্রিয়া হিসেবে গতকাল মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের ছাত্রীরা দিনভর ক্লাস বর্জন ও মৌন মিছিল করে। পরে তারা ছাত্রবিষয়ক উপদেষ্টা এবং প্রক্টর অফিসে অবস্থান ধর্মঘট করে এবং সংশ্লিষ্ট অফিসের প্রধানদের স্মারকলিপি দেয়।

গত সোমবার ছাত্রবিষয়ক উপদেষ্টা প্রফেসর আহাম্মদ উল্লাহ সরকার এবং প্রক্টর প্রফেসর ড. আব্দুল আউয়াল স্বাক্ষরিত 'জরুরি বিজ্ঞপ্তি'র কয়েক হাজার কপি বাকৃবির সুলতানা রাজিয়া হল এবং অন্যান্য আবাসিক হলসহ লাইব্রেরি ও ফ্যাকাল্টিসমূহে বিতরণ করা হয়। বিজ্ঞপ্তিটির বক্তব্য ছিল : 'ইদানীং প্রায়শই দেখা যাচ্ছে যে, কিছু ছাত্রছাত্রী ও বহিরাগত তরুণ-তরুণীরা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন এলাকায় সময়ে-অসময়ে আমাদের মূল্যবোধের নিরিখে দৃষ্টিকটু ও আপত্তিকর অবস্থায় মেলামেশা করছে, সন্ধ্যার পর এ ধরনের মেলামেশার তীব্রতা এমন বেড়ে যায় যা বিশ্ববিদ্যালয়ের পরিবেশকে মারাত্মকভাবে বিঘ্নিত করছে এবং বড়ো ধরনের সামাজিক কেলেঙ্কারির আশঙ্কায় প্রশাসনকে উৎকণ্ঠিত থাকতে হচ্ছে। এরপর কোনো জুটিকে আপত্তিজনকভাবে মেলামেশারত অবস্থায় দেখা গেলে এদের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কঠোর ব্যবস্থা গ্রহণ করবে'।

বিলিকৃত 'জরুরি বিজ্ঞপ্তি'র ভাষা আপত্তিজনক এবং বিভ্রান্তিমূলক উল্লেখ করেন সুলতানা রাজিয়া হলের ছাত্রীরা এর প্রতিবাদে বিক্ষোভে নামে। দেশবাসীর কাছে এ লিফলেট বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি দারুণভাবে ক্ষুণ্ন করেছে বলেও তারা দাবি করে। সুলতানা রাজিয়া হল ছাত্রী সংসদ জরুরি বিজ্ঞপ্তির প্রতিবাদে মৌন মিছিল, অবস্থান ধর্মঘট এবং প্রতিবাদলিপি প্রদানে নেতৃত্ব দেয়। প্রতিবাদ লিপিতে বলা হয়, এ লিফলেট বিতরণের ফলে হলের নিয়মকানুন সম্পর্কে অভিভাবকদের মাঝে উদ্বেগ সৃষ্টি করবে। ছাত্রীরা প্রক্টর ও ছাত্রবিষয়ক উপদেষ্টা কর্তৃক প্রচারিত বিজ্ঞপ্তির সংশোধন দাবি করে। বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ও সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট কৃষি বিশ্ববিদ্যালয় শাখা 'কুরুচিপূর্ণ' লিফলেট প্রকাশের নিন্দা করেছে।

এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের ছাত্রবিষয়ক উপদেষ্টা ও প্রক্টরের সঙ্গে যোগাযোগ করলে তারা জানান, কাউকে খাটো করার জন্য এ লিফলেট বিতরণ করা হয়নি। বিশ্ববিদ্যালয়ের পরিবেশ সুন্দর ও সুশৃঙ্খল করার জন্য প্রশাসনের পক্ষ থেকে এ পদক্ষেপ নেওয়া হয়েছে এবং বিশ্ববিদ্যালয়ের সর্বস্তরের লোকজন এ পদক্ষেপকে স্বাগত জানিয়েছে বলে তারা দাবি করেন।